পরিবহন পুল
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭

স্মারক নং- শেকৃবি/পরি/২৪/ ২৬৩০ তারিখঃ ২/১০/২৪

নোটিশ

এতদ্ধারা শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অফিস সময়ে ব্যক্তিগত কাজে গাড়ি ব্যবহার করার কারনে সরকারী কাজসহ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজে বিঘ্ন ঘটছে। এমতাবস্থায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজের গতিশীলতা ও গাড়ীসমুহের সুষ্ঠ ব্যবহার নিশ্চিত করার জন্য নিম্নলিখিত নিয়মাবলী অনুসরনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১। দূর্ঘটনা,গুরতর অসুস্থতা বা মুত্য জনিত কারন ছাড়া অফিস সময়ে গাড়ী ব্যক্তিগত কাজে ব্যবহার না করার জন্য সম্মানিত ব্যবহারকারীগনকে বিশেষভাবে অনুরোধ করা হলো।
২। গাড়ী ব্যবহারকারীগনকে ব্যবহারের উদ্দেশ্য কলামে গাড়ী ব্যবহারের সুনির্দিষ্ট কারন উল্লেখপূর্বক বিভাগীয় চেয়ারম্যানের সুপারিশসহ রিকুইজিশন প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
৩। একমাত্র মৃত্যু ও গুরুতর অসুস্থতাজনিত কারন ছাড়া রিকুইজিশন ব্যতীত টেলিফোনের মাধ্যমে কোন গাড়ী প্রদান করা হবে না।
৪। রিকুইজিশনপত্র গাড়ী ব্যবহারের ২৪ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তার অফিস কক্ষে পৌছাতে হবে।
৫। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজ যাতে বিঘ্নিত না হয় সেজন্য বিশ্ববিদ্যালয়ের গাড়ী অনধিক ৫(পাঁচ) ঘন্টার বেশি ব্যবহার না করার জন্য সম্মানিত গাড়ী ব্যবহারকারীগনকে অনুরোধ করা হলো।
৬। ডিউটি শেষে লগ বইয়ে গন্তব্য স্থান অনুযায়ী কি.মি. দেখে স্বাক্ষর করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
৭। বিশ্ববিদ্যালয়ের গাড়ী রিকুইজিশনে উল্লেখিত গন্তব্য ছাড়া অন্য কোন স্থানে গাড়ী না নেওয়ার জন্য অনুরোধ করা হলো।
৮। ছাত্র/ছাত্রীদের কোন প্রকার ফিল্ড ট্রিপে অংশগ্রহনের জন্য অবশ্যই রিকুইজিশনকারী শিক্ষককে বিভাগীয় চেয়ারম্যানের সুপারিশ সহ ছাত্র-ছাত্রীদের সাথে ব্যবহারকারী শিক্ষককে ভিসি মহোদয় অথবা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেটরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় কোন গাড়ী প্রদান করা সম্ভব হবে না।

সম্মানিত গাড়ী ব্যবহারকারীগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উল্লেখিত কারন সমুহের ব্যাপারে বিশ্ববিদ্যালয় অডিট আপত্তি আছে। তাই উপরোক্ত বিষয়গুলি যথাযথভাবে সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

02-10-2024

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
ট্রান্সপোর্ট কো-অর্ডিনেটর
পরিবহন পুল, শেকৃবি, ঢাকা।

বিতরনঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১.ডিন (সকল), ...শেকৃবি ।
২.পরিচালক (সকল), ...তথ্যসিস্টে.....শেকৃবি ।
৩.বিভাগীয় চেয়ারম্যান (সকল), ...বিভাগ,শেকৃবি ।
৪.গ্রন্থাগারিক,শেকৃবি, ঢাকা।
৫. প্রভোষ্ট (সকল), ...শেকৃবি ।
৬. প্রক্টর,শেকৃবি,ঢাকা।
৭.পরীক্ষা নিয়ন্ত্রক/প্রধান প্রকৌশলী/চীফ মেডিক্যাল অফিসার/প্রধান খামার তত্ত্বাবধায়ক,শেকৃবি ।
৮.অতিরিক্ত পরিচালক(বাজেট/অর্থ ও হিসাব),শেকৃবি।
৯. জনসংযোগ কর্মকর্তা,জনসংযোগ দপ্তর,শেকৃবি।
১০. উপ-পরিচালক(অডিট/নিরাপত্তা),শেকৃবি।
১১.ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন/এস্টেট)-এ,রেজিস্ট্রার কার্যালয়,শেকৃবি।
১২.ভিসি মহোদয়ের একান্ত সচিব, ভিসি মহোদয়ের সচিবালয়,শেকৃবি(ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. পিএ-টু প্রো-ভিসি/ট্রেজারার/রেজিস্ট্রার,শেকৃবি(প্রো-ভিসি/ট্রেজারার মহোদয়/রেজিস্ট্রার-এর সদয় অবগতির জন্য)
১৪. অফিস নথি।

নোটিশটি আপনার অধীনস্থ সকল শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।